



ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর /সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের  
অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরুজ্জামান

সভার তারিখ: ১৯ মার্চ, ২০১৯

সময়: বেলা ০২.৩০ ঘটিকা


সভার স্থান: কক্ষ নম্বর-৫০১, পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-"ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। উদ্ভাবনী সংশ্লিষ্ট সকল অগ্রগতি ও কর্মপরিকল্পনা নিয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত উদ্ভাবনী অগ্রগতি বিষয়ক আলোচনা।	সভার গৃহীত সিদ্ধান্ত অনুসারে উদ্ভাবনী বিষয়ে বাৎসরিক কর্মপরিকল্পনা অনুসারে অগ্রগতি নিরূপণ করা হয়।
২.	চলতি অর্থবছরে 'Small Improvement Project'-এর কার্যকরিতা বিষয়ক আলোচনা।	চলমান 'Small Improvement Project' গুলোর বাস্তব প্রয়োগের বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। নতুন 'এসআইপি'-র ধারণা সংগ্রহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(ড. এ.কে.এম. নুরুজ্জামান)  
মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও  
ইনোভেশন অফিসার